তৃণমুলের ভোটে আ’লীগের ৩ প্রার্থী নির্বাচিত সাঁথিয়ায়

সাঁথিয়া উপজেলার আসন্ন ইউনিয়ন
পরিষদ নির্বাচনে ইউনিয়ন আ’লীগ
কমিটির সদস্যদের ভোটের মাধ্যমে ৩
জন চেয়ারম্যান প্রার্থীকে মনোনয়ন
দেয়া হয়েছে।

এরা হলেন নন্দনপুর ইউনিয়ন আ’লীগের সাধারন সম্পাদক মোঃ রবিউল ইসলাম লিটন মোল্লা, গৌরিগ্রাম ইউনিয়নে জয়নুল আবেদীন ও কাশিনাথপুর ইউনিয়নে মুঞ্জুর এলাহী।

এ উপলক্ষ্যে শুক্রবার সকাল ১০ টায় নন্দনপুর ইউনিয়নের জোড়গাছা ডিগ্রী কলেজ মাঠে ইউনিয়ন আ’লীগের উদ্যোগে এক সভার আয়োজন করা হয়।

নন্দনপুর ইউনিয়ন আওয়ামীলীগ সভাপতি নুর মোহাম্মদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আলহাজ্ব এ্যাড. শামসুল হক টুকু এমপি।

আরো উপস্থিত ছিলেন সাঁথিয়া পৌর মেয়র মিরাজুল ইসলাম প্রাং, পাবনা জেলা আ’লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাড. বেলায়েত হোসেন বিল্লু, সাংগঠনিক সম্পাদক বিজয় ভুষণ রায়, মনির উদ্দিন আহম্মেদ মান্না, আহম্মেদ ফিরোজ কবির, দপ্তর সম্পাদক এ্যাড. ম,আ,আহাদ বাবু, শ্রম সম্পাদক সরদার মিঠু আহম্মেদ, সাঁথিয়া উপজেলা আ’লীগের সভাপতি আব্দুল্লাহ আল মাহমুদ দেলোয়ার, সাধারণ সম্পাদক তপন হায়দার সানসহ উপজেলা কমিটি ও বিভিন্ন ইউনিয়নের নেতৃবৃন্দ।

পরে নন্দনপুর ইউনিয়ন আ’লীগের ডেলিগেটারদের গোপন ভোটের মাধ্যমে ইউনিয়ন আ’লীগের সাধারন সম্পাদক মোঃ রবিউল ইসলাম লিটন মোল্লা আ’লীগের দলীয় মনোনয়নে বিজয়ী হন।

অপর দিকে বিকালে একই নিয়মে গৌরিগ্রাম ইউনিয়ন আ’লীগের যুগ্ন সম্পাদক জয়নুল আবেদীন ও কাশিনাথপুর ইউনিয়ন আ’লীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান মুঞ্জুর এলাহী আ’লীগের দলীয় মনোনয়নে বিজয়ী হন।